

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৫০৫. ২০১২-১৪১৯

তারিখঃ ২২-০৬-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ১৫৪৪০/২০১২ মামলার রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-২০১/২০১৭ মোকদ্দমার ১৬-০৫-২০১৭ তারিখের আদেশ।

সূত্রঃ তারিখঃ ১৮-০৬-২০১৭ খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত।

এলজিইডির আওতাধীন উন্নয়ন প্রকল্পের চাকুরী রাজস্ব খাতে আত্মীকরণ সংক্রান্ত বিষয়ে বাদী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ১৫৪৪০/২০১২ নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় গত ১৫.০৬.২০১৪ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয় এবং রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-২০১/২০১৭ দায়ের করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী এবং প্রধান প্রকৌশলী, এলজিইডিকে ২নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১৫.০৬.২০১৪ তারিখের আদেশ বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ দেয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৫৪৪০/২০১২ মামলার রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-২০১/২০১৭ মোকদ্দমার বিষয়ে ইতোমধ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন অতি সত্বর এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
৯৫৪০৯৯৫

প্রধান প্রকৌশলী
এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ (বর্ণিত বিষয়ে প্রতিবেদন সংগ্রহে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৪। অফিস কপি/মাস্টার কপি।